দৈনিক ইত্তেফাক

তারিখ 17 SEP 2015
পৃষ্ঠা ২০ কলাম ৬

# বাকৃবিতে শিক্ষকরা ক্লাস-পরীক্ষা 'বর্জনের' পরও চলছে পরীক্ষা

## চরম বিভ্রান্তিতে শিক্ষার্থীরা

■ ময়মনসিংহ প্রতিনিধি ও বাকৃবি সংবাদদাতা

৮ম জাতীয় বেতন কাঠামোতে পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অবমূল্যায়নের প্রতিবাদে ও স্বতন্ত্র বেতন স্কেলের দাবিতে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) শিক্ষক সমিতির অনির্দিষ্ট কাল ক্লাস-পরীক্ষা বর্জনের মধ্যেও পরীক্ষা চলছে। গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের ভেটেরিনারি অনুষদে এনাটমি অ্যান্ড হিস্টোলজি বিভাগের দ্বিতীয় বর্ষের একটি ব্যবহারিক ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের দাবি না মানায় বুধবার এক জরুরি বৈঠকের মাধ্যমে সকল ক্লাস-পরীক্ষা বর্জনের সিদ্ধান্ত নেয় বাকৃবি শিক্ষক সমিতি। এরপরও ওই দিন রাতে কিছু অনুষদের ক্লাস প্রতিনিধিরা মোবাইল ফোনের মাধ্যমে পরের দিন পরীক্ষা হবে এমনটা জানিয়ে দেয় শিক্ষার্থীদের এবং কিছু অনুষদ থেকে বলা হয়- শিক্ষার্থীরা পরীক্ষার হলে উপস্থিত থাকবে, পরীক্ষা হবে কিনা সেটা শিক্ষকদের বিষয়। এর ফলে শিক্ষার্থীদের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি হয়। এমন বিভ্রান্তিতে অন্যান্য অনুষদ পরীক্ষা বাতিল

পৃষ্ঠা ২ কলাম ৫

## বাকৃবিতে শিক্ষকরা

২০ পৃষ্ঠার পর

করলেও ভেটেরিনারি অনুষদের এনাটমি অ্যান্ড হিস্টোলজি বিভাগের পরীক্ষা বহাল থাকে। কেন পরীক্ষা নেয়া হলো- এ বিষয়ে জানতে চাইলে কোন মন্তব্য করতে রাজি হননি ওই বিভাগের প্রধান সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল ইসলাম। তবে ওই পরীক্ষা স্থগিত করা হয়েছে বলে জানান তিনি। এ বিষয়ে বি.এস.সি ফুড ইঞ্জিনিয়ারিং-এর শিক্ষার্থী মাজহার মিঠু বলেন, আমাদের পরীক্ষা আদৌ হবে কিনা এ নিয়ে বিভ্রান্তিতে আছি। এ কারণে আমরা ঠিকভাবে প্রস্তুতি নিতে পারছি না। পরীক্ষা কবে নাগাদ হতে পারে এ বিষয়ে জানতে চাইলে শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. খন্দকার শরীফুল ইসলাম বলেন, রবিবার পর্যন্ত ক্লাস-পরীক্ষা বর্জন কর্মসূচি বহাল থাকবে। সোমবার থেকে বুধবার পর্যন্ত বিশ্ববিদ্যালয়ে নিয়মিত সিডিউলে সব কিছু চলবে। সরকারকে তিনদিনের সময় বেধে দেয়া হয়েছে। এর ভিতর আমাদের দাবি না মানলে বৃহস্পতিবার নতুন কর্মসূচি ঘোষণা করা হবে।